

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
প্রশাসন -২ অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৬.২৮.৫০৬.০২ (অংশ-১)-১২৯

তারিখ: ০৬ ভাদ্র ১৪২৪
২১ আগষ্ট ২০১৭

নিয়োগ আদেশ


পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়-এর বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯ জুন, ২০১৭ তারিখের পরিপত্র, জেলা প্রশাসক কর্তৃক প্রার্থীর সম্পর্ক যাচাই ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের রাজস্ব খাতভুক্ত হিসাবরক্ষক (মুক্তিযোদ্ধা কোটা) এর স্থায়ী শূন্য পদে নিম্নোক্ত ০১ (এক) জন প্রার্থীকে জাতীয় বেতনস্কেল ২০১৫-এর টাকা ১১,৩০০-২৭,৩০০/- টাকা বেতনক্রমে (গ্রেড ১২) নিম্নবর্ণিত শর্তাবলী পালন সাপেক্ষে অস্থায়ীভিত্তিতে শিক্ষানবীশ হিসাবে নিয়োগ করা হলো:

রোল নম্বর	নাম/পিতা/স্বামী/মাতার নাম	স্থায়ী ঠিকানা
৫৭	শামীম আহমেদ পিতার নাম: মো: মনিরুল ইসলাম মাতার নাম: আফরোজা বেগম	গ্রাম: বাবরা পোস্ট: নওয়াগ্রাম (পোস্ট কোড: ৭৫২০) থানা: কালিয়া জেলা: নড়াইল

শর্তাবলী:

- (ক) চাকুরীতে যোগদানের সময় শারীরিক সুস্থতার স্বপক্ষে সিভিল সার্জন-এর নিকট হতে সনদপত্র দাখিল করতে হবে।
- (খ) এই নিয়োগ চাকুরীতে যোগদানের তারিখ হতে কার্যকর হবে এবং চাকুরীতে যোগদানের পর যথারীতি প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ এই নিয়োগ বাতিল করতে পারবে।
- (গ) কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকলে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- (ঘ) এই নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এইরূপ ক্ষেত্রে চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তার চাকুরী নিয়ন্ত্রিত হবে।
- (ঙ) এই চাকুরীতে যোগদানের জন্য তাকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- (চ) উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০৭/০৯/২০১৭ খ্রি. তারিখের মধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা এর নিকট যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে চাকুরীতে যোগদান করতে ইচ্ছুক নয় মর্মে গণ্য করা হবে।
- (ছ) উক্ত তারিখের পর কোনক্রমেই যোগদানপত্র গ্রহণ করা হবে না এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য করা হবে।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।


এ.বি.এম জাকির হোসাইন
অতিরিক্ত-সচিব


চলমান পাতা-২

নং-৫২.০০.০০০০.০০৬.২৮.৫০৬.০২ (অংশ-১)-১২৯

তারিখ: ০৬ ভাদ্র ১৪২৪
২১ আগষ্ট ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, নড়াইল।
- ৪। সিভিল সার্জন, ঢাকা/ নড়াইল।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। আয়ন ব্যয়ন কর্মকর্তা, হিসাব শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁ, ঢাকা।
- ৭। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁ, ঢাকা।
- ৮। সহকারী প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৯। শামীম আহমেদ, রোল নং-৫৭ (গ্রাম: বাবরা, পোষ্ট: নওয়া গ্রাম (পোষ্ট কোড: ৭৫২০), থানা: কালিয়া, জেলা: নড়াইল)
- ১০। ব্যক্তিগত নথি/গার্ড নথি/অফিস কপি।



মো. আবুল বাশার
উপ সচিব

☎ -৮১৮১৩৪১

admin2@sid.gov.bd